

বুলাও

তারিখ
পূর্ণা

05/08

কিশোরগঞ্জ কলেজের সাড়ে ২২ লাখ টাকা আত্মসাতের অভিযোগ

অভিযোগকারী শিক্ষক-কর্মচারী

নিজস্ব প্রতিনিধি

নীলফামারীর কিশোরগঞ্জ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল্লাহ আল বাকী সাড়ে ২২ লাখ টাকা আত্মসাত করেছেন বলে অভিযোগ করা হয়েছে। অভিযোগ করেছেন কলেজের শিক্ষক-কর্মচারীরা।

কলেজটির অধ্যক্ষ শরিফুল ইসলামের অবর্তমানে আবদুল্লাহ আল বাকী ২০০০ সাল থেকে অধ্যক্ষের দায়িত্বে আছেন।

তিনি এই পদে থাকাকালীন কলেজের শিক্ষক নিয়োগে অনিয়ম এবং ছাত্রছাত্রীদের পরীক্ষার ফি নিয়ে ভা পকেটে ভরেছেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। গত বছর এইচএসসি পরীক্ষায় ২৭ জন পরীক্ষার্থীর কাছে ফরম পূরণ বাবদ টাকা নেয়া হলেও ছাত্ররা পরীক্ষায় অংশ নিতে পারেনি। এছাড়া বিভিন্ন খাতে ব্যয় দেখিয়েও অর্থ আত্মসাত করা হয় বলে একই অভিযোগে উল্লেখ করা হয়েছে।

ওই সব বিভিন্ন খাতে এখন পর্যন্ত সর্বমোট ২২ লাখ ৫৪ হাজার টাকা আত্মসাতের অভিযোগ এনেছেন একই কলেজের ৩১ জন শিক্ষক-কর্মচারী। কলেজ পরিচালনা পরিষদের সভাপতির কাছে এসব অভিযোগ করা হয়। তবে এ নিয়ে এখনও কোন তদন্ত হয়নি। এরই মধ্যে সরকারের একটি সার্কুলার অনুযায়ী ওই ভারপ্রাপ্ত অধ্যক্ষ কলেজ পরিচালনা কমিটির সভাপতি সংসদ সদস্য আমজাদ হোসেন সরকারের

পরিবর্তে ভিন্ন একজন ব্যক্তিকে সভাপতি মনোনয়নের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠান। কিন্তু আমজাদ হোসেন সরকার বিএনপি দলীয় সংসদ সদস্য হওয়ায় সভাপতি পরিবর্তন করা সম্ভব হয়নি।

এসব বিভিন্ন অনিয়ম, দুর্নীতি এবং খেচ্ছাচারিতার অভিযোগে ভারপ্রাপ্ত অধ্যক্ষের বেতনভাতা বন্ধ করা হয়েছে এবং খুব শিগগিরই আনীত অভিযোগের তদন্ত করা হবে বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়। ব্যাপক দুর্নীতিসহ বিভিন্ন কোন্ডলের কারণে কলেজটির লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে বলে অভিভাবকরা জানান। তারা অবিলম্বে কলেজটি দুর্নীতিমুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার জন্য কলেজ কমিটির সভাপতি ও সংসদ সদস্যের প্রতি আহ্বান জানিয়েছেন।